



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

AP (AM)
২৮/৮/২০২৪

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৭.২৪-২৭০

তারিখঃ ১৩ ভাদ্র ১৪৩১
২৮ আগস্ট ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ ফারুক হোসাইন (১০৯১৮০০১), উপজেলা নির্বাচন অফিসার (সাময়িক বরখাস্তকৃত), হাজীগঞ্জ, চাঁদপুর রিটার্নিং অফিসার হিসেবে হাজীগঞ্জ উপজেলার গন্ধর্বপুর দক্ষিণ ইউনিয়ন পরিষদের ০৯নং ওয়ার্ডের উপনির্বাচন-২০২৪ পরিচালনার জন্য দায়িত্বপ্রাপ্ত ছিলেন; স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৯(১)(ঘ) এর তফসিলভুক্ত না থাকা সত্ত্বেও সাধারণ সদস্য পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ মীর হোসাইন-কে তিনি বিধি বহির্ভূতভাবে 'আপেল' প্রতীক বরাদ্দ করেন; তার এই ভুলের কারণে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক উক্ত পদের ভোটগ্রহণ বন্ধ ঘোষিত হয়; তাকে সাময়িকভাবে বরখাস্ত করাসহ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেন;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি হওয়ায় নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ক) অনুসারে 'অদক্ষতা' ও বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০২/২০২৪ রুজু করে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানোর লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা পোষণ করেন এবং গত ০৯-০৫-২০২৪ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনানিতে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটির তদন্ত হয়;

যেহেতু, বিভাগীয় মামলার তদন্তে অভিযুক্ত কর্মকর্তাকে সরাসরি দায়ী না করা হলেও রিটার্নিং অফিসার হিসেবে প্রতীক বরাদ্দের বিষয়ে তার আরও দায়িত্বশীল হওয়া উচিত ছিল মর্মে প্রতীয়মান হয়; তিনি ভুল প্রতীক বরাদ্দের দায় এড়াতে পারেন না বিধায় দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, তদন্ত প্রতিবেদন ও নথি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ ফারুক হোসাইন, উপজেলা নির্বাচন অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর-কে 'অদক্ষতা' ও 'অসদাচরণ' এর দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো। সেই সাথে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসাবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২/২০২৪ নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শফিউল আজিম
সচিব

স্মারক নং-১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৭.২৪-২৭০

তারিখঃ ১৩ ভাদ্র ১৪৩১
২৮ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। যুগ্ম-সচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৪। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
- ০৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা
- ০৭। উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

(চলমান পাতা-২)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ


ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

- ০৮। উপসচিব (হিসাব) (চ.দা.), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৯। জেলা নির্বাচন অফিসার, চাঁদপুর
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ]
১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা
১২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম
১৩। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৪-১৭। মাননীয় নির্বাচন কমিশনারগণের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
(মাননীয় নির্বাচন কমিশনারগণের সদয় অবগতির জন্য)
১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর
২০। সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (জনাব মোঃ ফারুক হোসাইন, উপজেলা নির্বাচন অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
২১। জনাব মোঃ ফারুক হোসাইন, উপজেলা নির্বাচন অফিসার, হাজীগঞ্জ, চাঁদপুর
২২। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, হাজীগঞ্জ, চাঁদপুর


মোহাম্মদ আল-মামুন
সিনিয়র সহকারী সচিব সি.সি (শৃঙ্খলা)
ফোনঃ ০২-৫৫০০৭৪৫৮
ইমেইল: sas_dis@ecs.gov.bd